



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/23/2020

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

গভর্নর কুওমো হাসপাতালের সক্ষমতা বাড়াতে আর্থিক পরিষেবা বিভাগ থেকে নতুন নির্দেশিকা ঘোষণা করেন

বিমা প্রদানকারীরা COVID-19-এর সময় পূর্ব-অনুমোদন এবং প্রশাসনিক প্রয়োজনীয়তা স্বগিত করার জন্য নির্দেশিত

ত্রাণ হাসপাতালগুলিকে COVID-19 রোগীদের চিকিৎসার জন্য পর্যাপ্ত শয্যা ক্ষমতা বজায় রাখতে সাহায্য করবে

বিমা শিল্প ও হাসপাতালের সহযোগিতায় নির্দেশিকা বিকশিত

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো আজ বিমা শিল্প ও হাসপাতালের সহযোগিতায় একটি সার্কুলার [চিঠি](#) জারি করার কথা ঘোষণা করেছেন, হাসপাতালগুলোকে নিউ ইয়র্ক স্টেটের "সার্জ এন্ড ফ্লেক্স (surge and flex)" প্রোটোকল বাস্তবায়নে সাহায্য করার জন্য বিমাকারীদের কিছু পূর্ব-অনুমোদন ও প্রশাসনিক প্রয়োজনীয়তা স্বগিত করার নির্দেশ দেওয়া হয়েছে। এই প্রোটোকল, যা সকল হাসপাতালকে COVID-19 এর বৃদ্ধির প্রস্তুতির জন্য তাদের শয্যা ক্ষমতা সম্প্রসারণ শুরু করতে নির্দেশ দেয়, যা সম্প্রতি গভর্নর কর্তৃক ঘোষিত [শীতকালীন COVID-19 পরিকল্পনার](#) অংশ। আজকের কাজের মাধ্যমে, হাসপাতালগুলো দ্রুত রোগীদের হাসপাতালের মধ্যে স্থানান্তর করতে প্রস্তুত হবে এবং যখন উপযুক্ত হবে, তখন রোগীদের দক্ষ নার্সিং সুবিধা বা তাদের বাড়িতে স্থানান্তর করা হবে যাতে বিচ্ছিন্নতার ক্ষমতা বৃদ্ধি পায় এবং রোগীর বোঝা ভারসাম্য বজায় থাকে। স্টেট প্রথম COVID-19 বৃদ্ধির সময় [মার্চ](#) মাসে একই ধরনের নিয়ন্ত্রক ত্রাণ মঞ্জুর করা হয়েছিল।

"টিকা হাতে থাকায়, টানেলের শেষে আলোটি দৃশ্যমান, তবে আমরা কীভাবে দ্রুত সেখানে পৌঁছাতে পারি তার সবকিছু আমাদের ক্রিয়াকলাপের উপর ভিত্তি করে," **গভর্নর কুওমো বলেন।** "বসন্তে আমরা যা দেখেছি তার পর, আমরা জানি যে হাসপাতালগুলোকে অতিরিক্ত ভীড় হওয়া থেকে বিরত রাখতে হলে সর্বোচ্চ অগ্রাধিকারের সাথে এগিয়ে যেতে হবে। নিউ ইয়র্কের উদ্ভাবনী 'সার্জ অ্যান্ড ফ্লেক্স (Surge and Flex)' প্রোটোকল এখন চালু থাকায়, এই নতুন নির্দেশিকা হাসপাতালগুলোকে দ্রুত রোগীদের স্থানান্তর, বিচ্ছিন্নতার ক্ষমতা বৃদ্ধি এবং রোগীর ভারসাম্য বজায় রাখার ক্ষমতা বাড়াতে সাহায্য করবে।"

সার্কুলার চিঠিতে বিমাকারীদের নিম্নলিখিত প্রয়োজনীয়তা 60 দিনের জন্য স্থগিত রাখার নির্দেশ দেওয়া হয়েছে:

- জরুরি বা অ-নির্বাচনী তফসিলি হাসপাতালের আবাসিক রোগীর, হাসপাতালে ভর্তি ও হাসপাতালের মধ্যে স্থানান্তরের জন্য অনুমোদনের পূর্বে পর্যালোচনা;
- রোগী হাসপাতালে ভর্তির পর রোগীর পুনর্বাসন এবং হোম হেলথ কেয়ার পরিষেবার জন্য প্রাক-অনুমোদন পর্যালোচনা; এবং
- রোগী হাসপাতালে ভর্তির পর রোগীর মানসিক স্বাস্থ্য সেবার জন্য প্রাক-অনুমোদন পর্যালোচনা।

ফাইন্যান্সিয়াল সার্ভিসেস বিভাগের সুপারিনটেনডেন্ট লিন্ডা এ. লেসওয়েল বলেন, "প্রাক-অনুমোদন ও অন্যান্য প্রশাসনিক প্রয়োজনীয়তা সাময়িকভাবে স্থগিত করা এই গুরুত্বপূর্ণ সময়ে হাসপাতালের জন্য প্রয়োজনীয় নমনীয়তা প্রদান করে যাতে হাসপাতালের শয্যা ধারণ ক্ষমতা পর্যাপ্ত পরিমাণে বজায় থাকে। COVID-19 রোগীগণ যাতে প্রয়োজনীয় যত্ন পান তা নিশ্চিত করার জন্য আমরা বিমা সংস্থা ও হাসপাতালগুলিকে একসাথে কাজ চালিয়ে যেতে উৎসাহিত করি।"

নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব হেলথ (New York State Department of Health) কমিশনার ড. হাওয়ার্ড জুকার বলেন, "যেহেতু আমরা গভর্নর কুওমোর শীতকালীন পরিকল্পনা বাস্তবায়নে কাজ করছি, এই নিয়মিত পরিবর্তনগুলি যার প্রয়োজন তার জন্য হাসপাতালের স্থান উপলভ্য রাখতে ও পরিষেবা সরবরাহের ক্ষেত্রে গতি বাড়িয়ে তুলবে। যদিও নিউ ইয়র্কবাসীরা এই বিস্তারের গতি কমিয়ে আনতে একটি মহান কাজ করেছে, COVID-19 এর একটি হুমকি রয়ে গেছে এবং রোগীদের যত দ্রুত সম্ভব তাদের প্রয়োজনীয় যত্ন নেওয়া অত্যাবশ্যক।"

বিমাকারীদের স্মরণ করিয়ে দেওয়া হয় যে তাদের রোগ নির্ণয় বা সন্দেহজনক COVID-19 আক্রান্তদের জন্য জরুরি অবস্থা রদ করার সময় জরুরি বিভাগ এবং রোগীর হাসপাতালের চিকিৎসা অস্বীকার করা নিষিদ্ধ করা হয়েছে, যা রেড্রোস্পেকটিভ রিভিউ-এ চিকিৎসার প্রয়োজন নয়। উপরন্তু, বিমাকারীদের বিজ্ঞপ্তি প্রদান অব্যাহত রাখার জন্য হাসপাতালগুলি তাদের সর্বোচ্চ প্রচেষ্টা ব্যবহার করা উচিত, যার মধ্যে বিমাকারীর যত্ন এবং জরুরি হাসপাতালে ভর্তির পরিকল্পনা সমন্বয় করতে সহায়তা করার জন্য প্রয়োজনীয় তথ্যসহ।

এছাড়াও ডিপার্টমেন্ট অব ফিন্যান্সিয়াল সার্ভিসেস (Department of Financial Services) তাদের প্রশাসনিক সেবা ব্যবস্থায় সার্কুলার চিঠির বিধান প্রয়োগ করতে তৃতীয় পক্ষের প্রশাসকদের জোরালোভাবে উৎসাহিত করে যাতে হাসপাতালগুলো স্টেটের 'সার্জ অ্যান্ড ফ্লেক্স (Surge and Flex)' প্রোটোকল বাস্তবায়ন করতে পারে।

[DFS ওয়েবসাইটে](#) বিমার সার্কুলার লেটারের একটি কপি পড়ুন।

###

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)